

Total No. of Printed Pages—6

4 SEM TDC BNL MIL (A) 1

2 0 1 3

(May)

BENGALI

(MIL)

Course : 401

(Arts)

Time : 3 hours

*The figures in the margin indicate full marks
for the questions*

৮০ মূল্যাক্ষের ক, খ, গ এবং ঘ বিভাগ নিয়মিত পরীক্ষার্থীদের জন্য

পূর্ণমান : 80

উত্তীর্ণমান : 32

১০০ মূল্যাক্ষের ক, খ, গ, ঘ এবং ঙ বিভাগ অনিয়মিত পরীক্ষার্থীদের জন্য

পূর্ণমান : 100

উত্তীর্ণমান : 40

ক—বিভাগ

(মূল্যাক্ষ : ৩০)

১। অতি সংক্ষেপে উত্তর দাও (যে-কোন চারটি) :

১×৪=৪

(ক) 'শ্রীকান্ত' উপন্যাসের মোট কয়টি খণ্ড?

(খ) অন্নদাদিদির স্বামীর নাম কি?

(2)

- (গ) পিয়ারী বাইজীর আসল নাম কি ?
- (ঘ) ইফ্রনাথের সঙ্গে শ্রীকান্তের প্রথম সাক্ষাৎ কোথায় হয়েছিল ?
- (ঙ) শ্রীনাথ বহুরূপীর বাড়ী কোথায় ছিল ?
- (চ) পিয়ারী বাইজীর খানসামার নাম কি ?

২। যে-কোন দুটি প্রশ্নের উত্তর দাও :

১১×২=২২

- (ক) শ্রীকান্তের চরিত্র-বৈশিষ্ট্য সম্পর্কে আলোচনা কর।
- (খ) 'শ্রীকান্ত' (১ম পর্ব) উপন্যাসের সামগ্রিক আবেদনের পক্ষে অন্নদাদিদির কাহিনীর মূল্য কতখানি, তা বর্ণনা কর।
- (গ) শরৎচন্দ্র রচিত 'শ্রীকান্ত' (১ম পর্ব) গ্রন্থখানিকে ভ্রমণ-কাহিনী, আত্মজীবনী অথবা উপন্যাস—এদের মধ্যে কোন শ্রেণীর অন্তর্ভুক্ত করা যায়, তা যুক্তিসহ আলোচনা কর।

৩। সংক্ষেপে বর্ণনা কর (যে-কোন একটি) :

- (ক) অন্নদাদিদির ঘরে শ্রীকান্তের প্রথম দিনের অভিজ্ঞতা
- (খ) রামবাবু ও তার স্ত্রীর অকৃতজ্ঞতার কাহিনী
- (গ) শ্রীনাথ বহুরূপীর ঘটনা
- (ঘ) শ্রীকান্তের মহাশ্মশান অভিযান

(3)

খ—বিভাগ

(মূল্যাঙ্ক : ৩০)

৪। এককথায় উত্তর দাও (যে-কোন চারটি) : ১×৪=৪

- (ক) 'বিবিধপ্রবন্ধ' গ্রন্থখানি কে রচনা করেছেন ?
- (খ) 'ধর্ম এবং সাহিত্য', 'উত্তরচরিত', 'গীতিকাব্য'—এর মধ্যে কোন প্রবন্ধটি তোমাদের পাঠ্য নয় ?
- (গ) মিরন্দার প্রণয়ীর নাম কি ?
- (ঘ) বঙ্কিমচন্দ্রের মতে কাব্য কয় প্রকার ?
- (ঙ) 'কুমারসম্ভব' এবং 'Paradise Lost' কোন শ্রেণীর কাব্য ?
- (চ) মিরন্দার পিতার নাম কি ?

৫। যে-কোন দুটি প্রশ্নের উত্তর দাও : ১১×২=২২

- (ক) 'শকুন্তলা, মিরন্দা এবং দেস্‌দিমোনা' প্রবন্ধে বঙ্কিমচন্দ্র উক্ত চরিত্র তিনটির যে তুলনামূলক আলোচনা করেছেন, তা তোমার নিজের ভাষায় লেখ।
- (খ) "গীতের যে উদ্দেশ্য যে কাব্যের সেই উদ্দেশ্য তাহাই গীতিকাব্য।" গীতিকাব্য সম্বন্ধে বঙ্কিমচন্দ্রের বক্তব্য ব্যাখ্যা কর।
- (গ) 'প্রকৃত এবং অতিপ্রকৃত' প্রবন্ধের বিষয়বস্তু তোমার নিজের ভাষায় লেখ।

১৭

(4)

৬। সংক্ষেপে উত্তর দাও (যে-কোন একটি) :

(ক) “এদেশের আধুনিক ধর্মের আচার্যেরা যে হিন্দুধর্ম ব্যাখ্যাত ও রক্ষিত করেন, তাহার মূর্তি ভয়ানক।” ‘ধর্ম এবং সাহিত্য’ প্রবন্ধ অবলম্বন করে সংক্ষেপে বক্তব্যটি ব্যাখ্যা কর।

(খ) “কুমারসম্ভবে একটিও মনুষ্য নাই।” ‘প্রকৃত এবং অতিপ্রকৃত’ প্রবন্ধ অবলম্বনে মন্তব্যটি বিচার কর।

(গ) “শকুন্তলা অর্ধেক মিরন্দা, অর্ধেক দেস্দিমোনা।” আলোচনা কর।

গ—বিভাগ

(মূল্যাক্ষ : ১০)

৭। গ্রীষ্মাবকাশে কোথাও ভ্রমণ করে এসেছ, সেকথা জানিয়ে তোমার বন্ধু/বান্ধবীকে একখানা পত্র লেখ।

অথবা

বাড়িতে দাদার বিয়ের অনুষ্ঠান, তাই এক সপ্তাহের অনুপস্থিতির কথা জানিয়ে কলেজের অধ্যক্ষ মহাশয়ের কাছে একখানা ছুটির আবেদনপত্র লেখ।

(5)

ঘ—বিভাগ

(মূল্যাক্ষ : ১০)

৮। যে-কোন একটি বিষয়ের উপর প্রবন্ধ রচনা কর :

১০

(ক) বর্তমান দ্রব্যমূল্য বৃদ্ধি এবং সাধারণ জীবনধারা

(খ) আধুনিক জীবনে কম্পিউটারের উপযোগিতা

(গ) সাহিত্য পাঠের প্রয়োজনীয়তা

(ঘ) পরিবেশ প্রদূষণ এবং অস্তিত্বের সঙ্কট

ঙ—বিভাগ

(মূল্যাক্ষ : ২০)

(আভ্যন্তরীণ মূল্যায়নের পরিবর্তে)

৯। (ক) “বড় প্রেম শুধু কাছেই টানে না—ইহা দূরেও ঠেলিয়া ফেলে।” ‘প্রীকান্ত’ (১ম পর্ব) উপন্যাসের পরিপ্রেক্ষিতে এই মন্তব্যের যথার্থতা বিচার কর।

১২

অথবা

“সাহিত্য ধর্ম ছাড়া নহে, কেন না, সাহিত্য সত্যমূলক। যাহা সত্য, তাহা ধর্ম।” ‘ধর্ম এবং সাহিত্য’ প্রবন্ধ অবলম্বনে মন্তব্যটি আলোচনা কর।

- (খ) “যাহা ব্যক্ত হয়, তাহা ক্রিয়ার দ্বারা বা কথার দ্বারা । সেই ক্রিয়া এবং কথা নাটককারের সামগ্রী । যেটুকু অব্যক্ত থাকে, সেইটুকু গীতিকাব্য প্রণেতার সামগ্রী ।” সংক্ষেপে আলোচনা কর ।
- (গ) শাহজীর মৃত্যু এবং অন্নদাদিদির মানসিক প্রতিক্রিয়া বর্ণনা কর ।
